ত্রৈমাসিক বুলেটিন

# ডিপিডিসি বুলেটিন

বর্ষ : ০২ | সংখ্যা : ০৮ | মাঘ ১৪২৬ বঙ্গাব্দ | নভেম্বর-জানুয়ারি ২০২০ খ্রি.

## ডিপিডিসি'র ১৪ তম বার্ষিক সাধারণ সভা




গত ২৫ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ, শনিবার সন্ধ্যা ৬টায় ডিপিডিসি'র ১৪ তম বার্ষিক সাধারণ সভা দি ঢাকা ক্লাব লিমিটেড এর বেঙ্গল হলে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বিদ্যুৎ বিভাগের অতিরিক্ত সচিব ও ডিপিডিসি'র পরিচালনা পর্ষদের সম্মানিত চেয়ারম্যান মোহাম্মদ শফিকউল্লাহ্। উক্ত সভায় ডিপিডিসি'র অন্যতম শেয়ার হোল্ডার বিদ্যুৎ বিভাগের সচিব ড. সুলতান আহমেদসহ ডিপিডিসি'র সম্মানিত শেয়ারহোল্ডারগণ, পরিচালনা পর্ষদের পরিচালকবৃন্দ এবং............বাকি অংশ ৩য় পৃষ্ঠায়

## ডিপিডিসি'র সাথে সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর গ্রাহকদের অনলাইন বিদ্যুৎ বিল আদায়ের জন্য চুক্তি স্বাক্ষর




গত ২৫ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখ ১২:০০ ঘটিকায় ডিপিডিসি'র সাথে সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর মধ্যে পোস্ট পেইড এবং প্রি-পেইড গ্রাহদের বিদ্যুৎ বিল আদায়ের জন্য চুক্তি স্বাক্ষর অনুষ্ঠিত হয়। এই চুক্তি স্বাক্ষরের ফলে ডিপিডিসি'র গ্রাহকগণ অনলাইনে যে কোনো এলাকার সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর যে কোনো শাখার মাধ্যমে বিদ্যুৎ বিল পরিশোধ করতে পারবেন। বাকি অংশ ৩য় পৃষ্ঠায়

# বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক জমি প্রদান উপলক্ষে ডিপিডিসি'র সাথে চুক্তি স্বাক্ষর

বাংলাদেশ ডাক বিভাগ কর্তৃক মতিঝিল পোস্টাল কলোনী এলাকায় একটি ৩৩/১১ কেভি উপকেন্দ্র নির্মাণের জন্য ডিপিডিসি-কে ৮০ ফুট × ৫০ ফুট জায়গা ব্যবহারের অনুমতি প্রদান ও জমি হস্তান্তরের লক্ষ্যে গত ২৪ সেপ্টেম্বর ২০১৯ খ্রি. তারিখে একটি সমঝোতা চুক্তি স্বাক্ষরিত হয়েছে। ডিপিডিসি'র পক্ষে উক্ত অনুষ্ঠানে কোম্পানি সচিব মো. আসাদুজ্জামান এবং বাংলাদেশ ডাক বিভাগের পক্ষে মো. আনজীর আহম্মদ, প্রকল্প পরিচালক, ''ঢাকা শহরে ডাক বিভাগের কর্মকর্তা/কর্মচারীদের জন্য আবাসিক ভবন নির্মাণ'' প্রকল্প সমঝোতা চুক্তিপত্রে স্বাক্ষর করেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। এছাড়াও নির্বাহী পরিচালক (এ্যাডমিনিস্ট্রেইশন এন্ড এইচ.আর/অপারেশন/অর্থ/আইসিটি এন্ড প্রকিউরমেন্ট)সহ অন্যান্য কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



# ডিপিডিসির ৬ষ্ঠ ব্যাডমিন্টন ও ইনডোর গেমস প্রতিযোগিতা'র শুভ উদ্বোধন





ডিপিডিসি'র ক্রীড়া উপ-কমিটির ব্যবস্থাপনায় গত ৯ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখে ডিপিডিসি'র প্রশিক্ষণ কেন্দ্র স্ক্যাডা ভবন চত্বরে ৬ষ্ঠ ব্যাডমিন্টন ও ইনডোর গেমস প্রতিযোগিতা অনুষ্ঠানের উদ্বোধন করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। উক্ত অনুষ্ঠানে নির্বাহী পরিচালক (এ্যাডমিন এন্ড এইচ আর) জয়ন্ত কুমার সিকদার, নির্বাহী পরিচালক (অপারেশন) এ টি এম হারুন অর রশিদ, নির্বাহী পরিচালক (অর্থ) মো. গোলাম মোস্তফা, নির্বাহী পরিচালক (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) এস এম শহীদুল ইসলামসহ ডিপিডিসি'র সকল পর্যায়ের ঊর্ধ্বতন কর্মকর্তা-কর্মচারী উপস্থিত ছিলেন।



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে সুষ্ঠু ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ডিপিডিসির সম্মেলন কক্ষে ২৯ ডিসেম্বর ২০১৯ খ্রি. তারিখে গণপূর্ত অধিদপ্তর (PWD), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিঃ (DPDC) ও ইভেন্ট ম্যানেজমেন্টের সাথে আলোচনা সভা।

# ডিপিডিসি'র ১০ম ফাউন্ডেশন ট্রেনিং সম্পন্ন





**১ম স্থান**
মোঃ নাহিদুল ইসলাম
সহকারী প্রকৌশলী




**২য় স্থান**
মোঃ কামরুজ্জামান ভুঁইয়া
সহকারী ব্যবস্থাপক (এইচ আর)



**৩য় স্থান**
মোঃ ওয়াসিম শাহ
উপ-সহকারী প্রকৌশলী

ডিপিডিসির বিভিন্ন দপ্তরে কর্মরত সহকারী ব্যবস্থাপক (এইচ আর)/সহকারী প্রকৌশলী/উপ-সহকারী প্রকৌশলী পদবীর ৪৭ (সাতচল্লিশ) জন এমপ্লয়ির ১০ম ফাউন্ডেশন ট্রেনিং কোর্স এর মূল্যায়ন পরীক্ষা গত ১৪ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখে এবং পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন গত ২৯ অক্টোবর ২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত হয়েছে। প্রায় ৩ মাস ধরে অনুষ্ঠিত প্রশিক্ষণ ও মূল্যায়ন শেষে গত ১২ জানুয়ারি ২০২০ খ্রি. তারিখে ১০ম ফাউন্ডেশন ট্রেনিং-এর ফলাফল প্রকাশ করা হয়। উক্ত ফলাফলে প্রশিক্ষণার্থীদের দৈনিক নিয়মিত উপস্থিতি, আচার-আচরণ ও নিয়মানুবর্তীতা, ড্রেস কোড, সেলফ ইভালিউশন, প্রেজেন্টশন, মূল্যায়ন পরীক্ষাসহ উল্লেখিত বিষয়ে মার্কিং করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা হয়। ১ম স্থান অর্জন করেছেন প্রজেক্ট ডিরেক্টর, প্রজেক্ট-১এ কর্মরত সহকারী প্রকৌশলী, মো. নাহিদুল ইসলাম, ২য় স্থান অর্জন করেছেন প্রশিক্ষণ ও উন্নয়ন দপ্তরে কর্মরত সহকারী ব্যবস্থাপক (এইচ আর), মো. কামরুজ্জামান ভূঁইয়া এবং ৩য় স্থান অর্জন করেছেন নির্বাহী প্রকৌশলী, এনওসিএস জিগাতলা দপ্তরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী, মো. ওয়াসিম শাহ। উল্লেখ্য যে ভালো ফলাফলের স্বীকৃতি স্বরূপ প্রশিক্ষণার্থীদেরকে উৎসাহ প্রদানের লক্ষ্যে দেশে এবং বৈদেশিক প্রশিক্ষণে প্রেরণের কথা রয়েছে




■ ১ম পৃষ্ঠার পর **১৪তম বার্ষিক সাধারণ সভা:** ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। উক্ত বার্ষিক সাধারণ সভায় পরিচালকবৃন্দের প্রতিবেদন, ২০১৮-২০১৯ অর্থ বছরের লাভ-ক্ষতির হিসাব, স্থিতিপত্র ও বহি:নিরীক্ষা প্রতিবেদন উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতিতে গ্রহণ, বিবেচনা ও অনুমোদন করা হয়। সভায় ২০১৮-২০১৯ অর্থবছরের জন্য কোন লভ্যাংশ ঘোষণা করা হয়নি। এছাড়াও কোম্পানির অবসরগ্রহণকারী পরিচালকবৃন্দের স্থলে পরিচালক নির্বাচন করা হয় এবং ২০১৯-২০২০ অর্থ বছরের জন্য বহি:নিরীক্ষক নিয়োগ ও পারিতোষিক নির্ধারণ করা হয়।

ডিপিডিসি বুলেটিনে ডিপিডিসি'র বিভিন্ন অনুষ্ঠানের খবর ও ছবি নিয়মিতভাবে প্রকাশিত হচ্ছে। ভবিষ্যতে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানের খবর ও ছবি ডিজিএম (পাবলিক রিলেশন্স) দপ্তরে হার্ডকপি এবং ডিপিডিসি'র নিম্নোক্ত ই-মেইলে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
dgmhrpr@dpdc.org.bd

■ ১ম পৃষ্ঠার পর **ডিপিডিসি সাউথ বাংলা:** চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিপিডিসি'র ব্যবস্থাপনা পরিচালক প্রকৌশলী বিকাশ দেওয়ান। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মো. গোলাম ফারুক ব্যবস্থাপনা পরিচালক এবং সিইও, সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড। এছাড়া অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক মোস্তফা জালাল উদ্দিন আহমেদ, উপ-ব্যবস্থাপনা পরিচালক মো. মামুনুর রশিদ মোল্লাসহ সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড এবং ডিপিডিসি'র উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ। ডিপিডিসি'র পক্ষে চুক্তি স্বাক্ষর করেন কোম্পানি সচিব মো. আসাদুজ্জামান এবং সাউথ বাংলা এগ্রিকালচার এন্ড কমার্স ব্যাংক লিমিটেড-এর পক্ষে চুক্তি স্বাক্ষর করেন ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. গোলাম ফারুক।

**ডিপিডিসি বিজ্ঞপ্তি**

**বিদ্যুৎ সংযোগের জন্য সরকারি ফি ব্যতিত বাড়তি টাকার প্রয়োজন নেই।**

**ডিপিডিসির কোন এমপ্লয়ি অতিরিক্ত টাকা দাবি করলে সরাসরি অভিযোগ করুন।**

**বিদ্যুৎ সংযোগ কিংবা সেবা গ্রহণে অযথা কোন মধ্যস্বত্বভোগী কিংবা দালালের আশ্রয় গ্রহণ করবেন না।**

| | |
|---|---|
| নির্বাহী পরিচালক অপারেশন | : ০১৭৩০ ৩৩৫০৭৯ |
| কোম্পানি সচিব | : ০১৭৩০ ৩৩৫০২৬ |
| প্রধান প্রকৌশলী (সেন্টাল) | : ০১৭৩০ ৩৩৫০৯৪ |
| প্রধান প্রকৌশলী (নর্থ) | : ০১৭৩০ ৩৩৫০৮০ |
| প্রধান প্রকৌশলী (সাউথ) | : ০১৭৩০ ৩৩৫০৭৬ |
| ডিজিএম, পাবলিক রিলেশনস | : ০১৭৩০ ৩৩৫২১৮ |

# মেধাবী মুখ

## ২০১৯ সালের পিএসসি, জেএসসি ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ডিপিডিসি'র এমপ্লয়িগণের সন্তানদের সাফল্য



**নুসরাত জাহান** বি.এ এফ শাহীন কলেজ থেকে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র কোম্পানি সচিবালয় দপ্তরে কর্মরত অফিস সহায়ক, আসমা খানম-এর কন্যা।



**মেহেদী হাসান সাকিব** শহীদ একাডেমি স্কুল থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস সার্কেল ফতুল্লা দপ্তরে কর্মরত হিসাব রক্ষক, মহসিন হোসেন সরকার-এর পুত্র।



**লাবিবা জাফরিন** ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ থেকে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চুক্তি ও ক্রয় সার্কেল দপ্তরে কর্মরত অফিস সহকারী, মুহাম্মদ আশিকুর রহমান-এর কন্যা।



**রুহানা তাসকিন** আইডিয়াল স্কুল এন্ড কলেজ থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, ৩৩/১১ কেভি সাব স্টেশন এন্ড লাইন, প্রজেক্ট-২, ডিপিডিসি, মোহাম্মদ রাশেদুল ইসলাম-এর কন্যা।



**তাওসিফ ফয়সাল** সরকারী গভঃ বয়েজ হাইস্কুল থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস জিগাতলা, ডিপিডিসি, মো. মোজাফ্‌ফর হোসেন-এর পুত্র।



**মারজিয়া মরিয়ম তনুনি** ন্যাশনাল আইডিয়াল স্কুল থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ফতুল্লা দপ্তরে কর্মরত কমপ্লেন সুপারভাইজার, মো. মহিউদ্দিন-এর কন্যা।



**তাজরিন কিরণ** খিলগাঁও আইডিয়াল স্কুল থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র প্রধান প্রকৌশলী, প্ল্যানিং এন্ড ডিজাইন দপ্তরে কর্মরত অফিস এসিসটেন্ট কাম কম্পিউটার অপারেটর, মো. কাইয়ুম-এর কন্যা।



**নুসরাত তারান্নুম** কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ থেকে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় বিজ্ঞান বিভাগে জিপিএ-৫ পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র ডিজিএম, এমপ্লয়ি রিলেশন এন্ড ডিসিপ্লিন দপ্তরে কর্মরত ম্যানেজার (এইচআর), মোহাম্মদ নজরুল ইসলাম-এর কন্যা।



**মো. রেদওয়ান হাসান রিফাত** লালবাগ সরকারী মডেল স্কুল এন্ড কলেজ থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস কামরাঙ্গীরচর দপ্তরে কর্মরত লাইনম্যান মেট, মো. মোকলেছুর রহমান-এর পুত্র।



**আরাফাত আহমেদ** তিতাস গ্যাস আদর্শ উচ্চ বিদ্যালয় থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস শীতলক্ষ্যা দপ্তরে কর্মরত লাইনম্যান মেট, মো. ফিরোজ শেখ-এর পুত্র।



**তাসনীম জাহান জিনিয়া** ভিকারুননিসা নুন স্কুল এন্ড কলেজ থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস শ্যামলী দপ্তরে কর্মরত স্টোর কিপার, মো. রফিকুল ইসলাম ভূইয়া-এর কন্যা।



**ফাবিহা নাহার** সিদ্ধেশ্বরী গার্লস হাই স্কুল থেকে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম প্রটেকশন ডিপিডিসি, মো. ফিরোজ কবির-এর কন্যা।



**আশফাক আহমেদ ভূঁইয়া** আইডিয়াল স্কুল এন্ড কলেজ থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস মুগদাপাড়া দপ্তরে কর্মরত উপ-সহকারী প্রকৌশলী, মো. আমির হোসেন -এর পুত্র।



**লামিয়া আক্তার** হলি টাচ মডেল বিদ্যালয় থেকে পিএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ফতুল্লা দপ্তরে কর্মরত মিটার রিডার, মো. আনারুল ইসলাম-এর কন্যা।



**সানজানা ইসলাম অর্পিতা** তেজগাঁও গভঃ গার্লস হাই স্কুল থেকে জেএসসি পরীক্ষায় জিপিএ-৫ (সকল বিষয়ে A+) পেয়ে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছে। সে ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী, এনওসিএস ফতুল্লা দপ্তরে কর্মরত অফিস সুপারভাইজার, মো. নজরুল ইসলাম-এর কন্যা।